কালের কণ্ঠ ২১.০৩.১৭

# গ্রামে বাড়ি করতেও অনুমোদন লাগবে

## মন্ত্রিসভায় 'কঠোর' আইনের খসড়া অনুমোদন

নিজস্ব প্রতিবেদক ▷

দেশের যেকোনো প্রান্তে ভূমির ওপর ঘরবাড়ি বা স্থায়ী কোনো স্থাপনা করলেই সরকার মনোনীত কর্তৃপক্ষের অনুমোদন নিতে হবে। যেখানে কর্তৃপক্ষ নেই সেখানে কর্তৃপক্ষ নির্ধারণ করা হবে। এ আইন অমান্য করলে পাঁচ বছরের জেল এবং ৫০ লাখ টাকা জরিমানা দিতে হবে। এ ধরনের বিধান রেখে 'নগর ও অঞ্চল পরিকল্পনা আইন, ২০১৭'-এর খসড়া নীতিগত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে গতকাল সোমবার সচিবালয়ে এ বৈঠক অনুষ্ঠিত হয়।

মন্ত্রিপরিষদসচিব মোহাম্মদ শফিউল আলম বলেছেন, অত্যন্ত কঠোর এ আইনটি করা হচ্ছে দেশের কৃষিজমিসহ ভূমির সঠিক ব্যবহারের জন্য। বর্তমানে বাড়িঘর নির্মাণের জন্য ইউনিয়ন পরিষদ বা জেলা পর্যায় থেকে অনুমোদন নেওয়ার নিয়ম রয়েছে। তবে সে নিয়ম পালন করা হয় না। এ কারণেই বিষয়টি আইনে পরিণত করা হচ্ছে। এর ফলে ভূমি ব্যবস্থাপনায় শৃঙ্খলা আসবে এবং পরিকল্পিতভাবে

▶▶ পৃষ্ঠা ৮ ক. ২